

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২ (প্রশাসন)



www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২০.২৮

তারিখ: ১১ মাঘ ১৪২৭

২৫ জানুয়ারি ২০২১

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণের লক্ষ্যে প্রাক প্রস্তুতি গ্রহণ।

সূত্র: ২১.০১.২০২১ তারিখ বিকাল ০৪:০০ টায় অনুষ্ঠিত ভার্চুয়াল সভার আলোচনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দেশের সকল কারিগরি (ডিগ্রী স্তর), কারিগরি (ডিপ্লোমা ও সমমান), ভোকেশনাল (এসএসসি, এইচএসসি), বিএম (এইচএসসি) ও বৃত্তিমূলক প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, আমাদের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা কার্যক্রম চালু ও পরীক্ষা গ্রহণের (প্রযোজ্য ক্ষেত্রে) লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহ খুলে দেয়ার প্রস্তুতি সম্পন্ন করতে হবে। আপনারা জানেন কোভিড-১৯ অতিমারী চলাকালীন সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে আমাদের শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা।

২। এ পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্যসম্মত ভাবে প্রস্তুত করার জন্য “কোভিড-১৯ পরিস্থিতি বিবিচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণ নির্দেশনা” নামে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি গাইড লাইন তৈরি করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে এ গাইড লাইন অনুযায়ী আগামী ০৪/০২/২০২১ তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী-শিক্ষক-কর্মচারীদের জন্য স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে হবে যাতে উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ পাওয়া মাত্র প্রতিষ্ঠান খুলে দেয়া যায়।

৪। ইতোমধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ঘোষিত পরীক্ষা গ্রহণের জন্যেও প্রযোজ্য ক্ষেত্রে এ গাইড লাইন অনুসরণে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে।

৫। শুধু করোনাকালীন সমস্যা মোকাবিলা নয়, বরং ‘মুজিব বর্ষ’ উপলক্ষে আমাদেরকে এখনই সকল শিক্ষা প্রতিষ্ঠান স্থায়ীভাবে পরিষ্কার পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত, নিরাপদ ও আনন্দময় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার ব্যবস্থা নিতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

স্বাক্ষর

২৫-১-২০২১

মনজুরুল কাদের

পরিচালক

অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/ইঞ্জিনিয়ারিং
কলেজ (সকল)/ পলিটেকনিক
ইন্সটিটিউট(সকল)/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট /
টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ(সকল)।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০১১.৯৯.০০২.২০.২৮/১

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা। [বিষয়টি বাকাশিবো অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করণের অনুরোধ জানানো হলো]
- ৪) পরিচালক (প্রশাসন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫) জেলা প্রশাসক (সকল)।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭) সংরক্ষণ নথি।



২৫-১-২০২১

এ কে এম ফেরদৌস খান
সহকারী পরিচালক